

## 🗏 ইয়াসীন | Ya-Sin | ৯০০

আয়াতঃ ৩৬: ৬৪

আরবি মূল আয়াত:

## اِصلُوهَا اليَومَ بِمَا كُنتُم تَكفُرُونَ ﴿ ٢٤﴾

## 🗚 অনুবাদসমূহ:

তোমরা যে কুফরী করতে সে কারণে আজ তোমরা এতে প্রবেশ কর। — আল-বায়ান
আজ তাতে প্রবেশ কর, কেননা তোমরা এটাকে অবিশ্বাস করেছিলে।' — তাইসিরুল
আজ তোমরা এতে প্রবেশ কর; কারণ তোমরা একে অবিশ্বাস করেছিলে। — মুজিবুর রহমান

[Enter to] burn therein today for what you used to deny." — Sahih International

## ৬৪. তোমরা যে কুফরী করতে সে কারণে আজ তোমরা এতে দগ্ধ হও।(১)

(১) যেমন অন্য আয়াতে এসেছে, "যেদিন তাদেরকে ধাক্কা মারতে মারতে নিয়ে যাওয়া হবে জাহান্নামের আগুনের দিকে এটাই সে আগুন যাকে তোমরা মিথ্যা মনে করতে। এটা কি তবে জাদু? না কি তোমরা দেখতে পাচ্ছ না!" [সূরা আত-তূরঃ ১৩–১৫]

তাফসীরে জাকারিয়া

- (৬৪) তোমাদের অবিশ্বাস (কুফরী) করার কারণে আজ তোমরা এতে প্রবেশ কর। [1]
  - [1] অর্থাৎ, এখন সেই নির্বৃদ্ধিতার ফল ভোগ কর এবং নিজেদের কুফরীর কারণে জাহান্নামের কঠিন শাস্তির মজা আস্বাদন কর।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3769

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন